গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৩৮/২০১৮-২০১৯
ঢাকা, রোববার ১৩ জানুয়ারি ২০১৯, ৩০ পৌষ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। গণতন্ত্রের স্বার্থে সংসদে এসে কথা বলুন : ঐক্যফ্রন্টের উদ্দেশে প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নাইজেরিয়া, বেলারুশ ও ক্রোয়েশিয়ার রাষ্ট্র ও সরকার প্রধানের অভিনন্দন

৩। নির্বাচন নিয়ে দেশে-বিদেশে কোনো বিতর্ক নেই : সেতুমন্ত্রী

৪। সদ্যসমাপ্ত একাদশ জাতীয় সংসদ নির্বাচন বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে : তথ্যমন্ত্রী

৫। অসুস্থ অভিনেতা সালেহ আহমেদের চিকিৎসা সহায়তায় অনুদান দিলেন প্রধানমন্ত্রী

৬। অবকাঠামো উন্নয়ন বড় চ্যালেঞ্জ নয় : এলজিআরডিমন্ত্রী

৭। ভালো মানের দেশি কাপড় তৈরি করতে হবে : বস্ত্র ও পাটমন্ত্রী

৮। ২৮ ফেব্রুয়ারির মধ্যে ভূমি মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সম্পদের হিসাব জমা দেওয়ার নির্দেশ ভূমিমন্ত্রীর

৯। বিসিএসআইআর দেশ ও মানুষের উন্নয়নে গবেষণা করবে: বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী

১০। দেশের উন্নয়নে চালিকাশক্তি হবে চতুর্থ শিল্পবিপ্লব : ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী

১১। আওয়ামী লীগের ঢাকা ও পার্শ্ববর্তী জেলার নেতা ও জনপ্রতিনিধিদের সভা আজ

১২। সব গ্রেডেই বেতন বাড়বে পোশাক শ্রমিকদের : মজুরি পর্যালোচনা কমিটির সিদ্ধান্ত

১৩। শ্রমিক-বিক্ষোভে ইন্ধনদাতাদের খুঁজে বের করা হবে : ডিএমপি কমিশনার

১৪। বৈশ্বিক সন্ত্রাস দমন সূচকে বাংলাদেশের চার ধাপ অগ্রগতি

চলমান পাতা-২

১। **গণতন্ত্রের স্বার্থে সংসদে এসে কথা বলুন : ঐক্যফ্রন্টের উদ্দেশে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণতন্ত্রের স্বার্থে সংসদে এসে জনগণের কথা বলতে বিএনপি-ঐক্যফ্রন্টের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, নিজেদের দোষেই তারা সদ্য অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে হেরেছে। কারণ, একটি রাজনৈতিক দলের যদি নেতৃত্ব না থাকে, তাহলে সে রাজনৈতিক দল কীভাবে নির্বাচনে জেতার কথা চিন্তা করতে পারে, তারপরও যে কয়টা সিটে তারা জিতেছে, গণতন্ত্রের স্বার্থে তাদের পার্লামেন্টে আসা প্রয়োজন। গতকাল (১২ জানুয়ারি শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউস্থ আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যালয়ে দলের উপদেষ্টা পরিষদ এবং কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের যৌথসভায় সূচনা বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইনডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

২। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নাইজেরিয়া, বেলারুশ ও ক্রোয়েশিয়ার রাষ্ট্র ও সরকার প্রধানের অভিনন্দন**

চতুর্থবারের মতো প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করায় শেখ হাসিনাকে নাইজেরিয়া ও বেলারুশের প্রেসিডেন্ট এবং ক্রোয়েশিয়ার প্রধানমন্ত্রী আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীকে পাঠানো অভিনন্দন বার্তায় নাইজেরিয়ার প্রেসিডেন্ট মোহাম্মদ বুহারি বলেছেন, নির্বাচনে আপনার দলের ঐতিহাসিক নিরঙ্কুশ বিজয়, আপনার সুযোগ্য নেতৃত্বের ওপর দেশের জনগণের আস্থা ও বিশ্বাসের সুস্পষ্ট বহিঃপ্রকাশ । অভিনন্দন বার্তায় বেলারুশের প্রেসিডেন্ট সের্গেই রুমাস বলেছেন, এ পদে আপনার গৃহীত কর্মসূচি দেশের অর্থনৈতিক উন্নয়ন, আন্তর্জাতিক সহযোগিতা জোরদার এবং জনগণের কল্যাণ নিশ্চিতকরণে ভূমিকা রাখবে। ক্রোয়েশিয়ার প্রধানমন্ত্রী আন্দ্রেজ প্লেঙ্কোভিচ বলেছেন, পুনরায় প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় আপনাকে আন্তরিক অভিনন্দন জানাই এবং আপনার সার্বিক সাফল্য কামনা করি। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১)।

৩। **নির্বাচন নিয়ে দেশে-বিদেশে কোনো বিতর্ক নেই : সেতুমন্ত্রী**

একাদশ সংসদ নির্বাচন নিয়ে কোনো প্রশ্ন নেই উল্লেখ করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, এবারই প্রথম উন্নত গণতান্ত্রিক দেশগুলো সরকার গঠনের আগেই অভিনন্দন জানিয়েছেন এ নির্বাচনের জন্য। বিরোধীদল তাদের ভাষায় কথা বলবে সেটা ভিন্ন কথা। এ নির্বাচন নিয়ে দেশে-বিদেশে কোনো বিতর্ক নেই। প্রশ্ন করার মতো কোনো বিষয় এখনও আন্তর্জাতিক বিশ্ব থেকে আমরা পাইনি। কারণ সব গণতান্ত্রিক দেশ সরকারকে এবং আমাদের নেত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে। গতকাল রাজধানীর মানিক মিয়া এভিনিউয়ে বিআরটিএ'র ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এ সময় যাত্রী, চালক ও পথচারীসহ সবাই সচেতন হলেই সড়কে শৃঙ্খলা আনা সম্ভব বলে জানান মন্ত্রী। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইনডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৪। **সদ্যসমাপ্ত একাদশ জাতীয় সংসদ নির্বাচন বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, সদ্যসমাপ্ত একাদশ জাতীয় সংসদ নির্বাচন বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে। কিন্তু নিজেদের ব্যর্থতা ঢাকতেই জাতীয় ঐক্যফ্রন্ট নেতা ড. কামাল হোসেন তথাকথিত সংলাপ নামের ভাঁওতাবাজির কথা বলছেন। গতকাল (১২ জানুয়ারি শনিবার) জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে জাতির পিতার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট আয়োজিত এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.৫),**অবজারভার** (পৃ.১,ক.১)।

৫। **অসুস্থ অভিনেতা সালেহ আহমেদের চিকিৎসা সহায়তায় অনুদান দিলেন প্রধানমন্ত্রী**

অসুস্থ অভিনেতা সালেহ আহমেদের চিকিৎসা সহায়তায় এগিয়ে এলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দীর্ঘ কয়েক বছর ধরেই অসুস্থ তিনি। সালেহ আহমেদের চিকিৎসার জন্য ২৫ লাখ টাকার অনুদান দিয়েছেন তিনি। প্রধানমন্ত্রী গত ১১ জানুয়ারি শুক্রবার সালেহ আহমেদের পরিবার ও অভিনয় শিল্পী সংঘের কার্যনির্বাহী পরিষদের হাতে এ অনুদানের চেক তুলে দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৯,ক.১), **যায়যায়দিন** (পৃ.৯,ক.২)।

**৬।	অবকাঠামো উন্নয়ন বড় চ্যালেঞ্জ নয় : এলজিআরডিমন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, দেশে দারিদ্র্য এখন আর বড় চ্যালেঞ্জ নয়, অবকাঠামোগত উন্নয়ন বড় চ্যালেঞ্জ নয়। আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো- সুশাসন প্রতিষ্ঠা করা, ন্যায়বিচার প্রতিষ্ঠা ও দেশকে দুর্নীতিমুক্ত করা। তিনি গতকাল (১২ জনুয়ারি শনিবার) কুমিল্লার লাকসাম উপজেলা আওয়ামী লীগ কার্যালয়ে দলীয় নেতাকর্মীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সাথে মতবিনিময় সভায় এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.১০,ক.১)।

**৭।	ভালো মানের দেশি কাপড় তৈরি করতে হবে : বস্ত্র ও পাটমন্ত্রী**

ভালো মানের দেশি কাপড় তৈরি করার আহ্বান জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী (বীরপ্রতীক)। গতকাল (১২ জানুয়ারি শনিবার) রূপগঞ্জ উপজেলার রূপসীর নিজ বাসভবনে নরসিংদী জেলা টেক্সটাইল অ্যান্ড ডাইং প্রিন্টিং অ্যাসোসিয়েশনের নেতাদের সঙ্গে মতবিনিময়কালে মন্ত্রী এ কথা বলেন। মন্ত্রী আরও বলেন, টেক্সটাইল শিল্পের মাধ্যমে গুণগত মানের কাপড় তৈরি করতে যা যা প্রয়োজন সব ব্যবস্থা করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১)।

**৮।	২৮ ফেব্রুয়ারির মধ্যে ভূমি মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সম্পদের হিসাব জমা দেওয়ার নির্দেশ ভূমিমন্ত্রীর**

আগামী ২৮ ফেব্রুয়ারির মধ্যে ভূমি মন্ত্রণালয়ের অধীনে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত সম্পদের হিসাব জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ। গতকাল (১২ জানুয়ারি শনিবার) চট্টগ্রাম প্রেসক্লাবের বঙ্গবন্ধু হলে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে ভূমিমন্ত্রী এ ঘোষণা দেন। মন্ত্রণালয়ে গিয়ে তিনি এ বিষয়ে লিখিত পরিপত্র জারি করবেন বলে জানান। সারাদেশে ভূমি অফিসে অনেক সমস্যা রয়েছে উল্লেখ করে ভূমিমন্ত্রী বলেন, কর্মকর্তাদের সাহস দিতে চাই। মাঠপর্যায়ে হাত দিচ্ছি। উপজেলা, ইউনিয়নের সব ভূমি অফিসকে সিসিটিভির আওতায় নিয়ে আসা হবে। ভয়েস রেকর্ডিংয়ের সুযোগ রাখা হবে বিভিন্ন পয়েন্টে । দুর্নীতির ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি অনুসরণ করা হবে।। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১),।

**৯।	বিসিএসআইআর দেশ ও মানুষের উন্নয়নে গবেষণা করবে : বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী**

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেছেন, বিসিএসআইআরকে দেশ ও মানুষের উন্নয়নে গবেষণা করতে হবে। তিনি আরো বলেন, এ সরকার বিজ্ঞান ও প্রযুক্তিকে অগ্রাধিকার হিসেবে বিবেচনা করে নতুন নতুন আধুনিক গবেষণাগার প্রতিষ্ঠা করেছে। আমাদের অধিকাংশ গবেষণাগার বিশ্বমানের। এখন শুধু প্রয়োজন বিজ্ঞানীদের দেশাত্মবোধ ও কাজের আগ্রহ সৃষ্টি করা। আমরা যা কিছু উদ্ভাবন করি তা দেশের মানুষের কল্যাণে পৌঁছে দিতে হবে। গতকাল (১২ জানুয়ারি শনিবার) বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এ অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫)।

**১০।	দেশের উন্নয়নে চালিকাশক্তি হবে চতুর্থ শিল্পবিপ্লব : ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সরকারের নানা উদ্যোগ বিশ্বের বিভিন্ন দেশ অনুসরণ করছে। বাংলাদেশ চতুর্থ শিল্পবিপ্লব গ্রহণ করতে প্রস্তুত। আমরা এ বিপ্লবের জন্য তথ্যপ্রযুক্তি, শিক্ষা ও জনবল তৈরিকে অগ্রাধিকার দিয়েছি। দেশের জাতীয় উন্নয়নে অন্যতম চালিকাশক্তিই হবে চতুর্থ শিল্পবিপ্লব। গতকাল (১২ জানুয়ারি শনিবার) রাজধানীর ব্র্যাক ইন অডিটোরিয়ামে আয়োজিত 'চতুর্থ শিল্পবিপ্লব, আমরা কি প্রস্তুত ?' শীর্ষক গোলটেবিল বৈঠকে ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৯,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৫) ।

**১১। আওয়ামী লীগের ঢাকা ও পার্শ্ববর্তী জেলার নেতা ও জনপ্রতিনিধিদের সভা আজ**

আওয়ামী লীগের ঢাকা জেলাসহ রাজধানীর আশপাশের জেলার দলীয় নেতা ও জনপ্রতিনিধিদের এক সভা আজ সকাল **১১** টায় রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হবে। পার্শ্ববর্তী জেলাগুলো হলো- গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ ও নরসিংদী। সভায় সভাপতিত্ব করবেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫)।

**১২। সব গ্রেডেই বেতন বাড়বে পোশাক শ্রমিকদের : মজুরি পর্যালোচনা কমিটির সিদ্ধান্ত**

পোশাকখাতের শ্রমিক-কর্মচারীদের চাকরির সব গ্রেডেই বেসিক বা মূল মজুরি বাড়ছে। মোট মজুরি ঠিক রেখেই বেসিক বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে মজুরি পর্যালোচনা কমিটি। বেসিক বাড়লে বোনাস, ওভার টাইমসহ চাকরির অন্যান্য সুযোগ-সুবিধার ক্ষেত্রে বেশি অর্থ পাবেন শ্রমিকরা। মজুরি পর্যালোচনায় দ্বিতীয় বৈঠকে গতকাল (**১২** জানুয়ারি শনিবার) এ সিদ্ধান্ত নেওয়া হয়। সচিবালয়ে শ্রম মন্ত্রণালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। তবে সার্বিক বিষয় নিয়ে আজ (১৩ জানুয়ারি রোববার) আবারও বৈঠকে বসবে কমিটি। আজকের বৈঠক থেকে বেসিক কী হারে সমন্বয় করা হবে, সে ঘোষণা আসতে পারে বলে বৈঠক সূত্রে জানা গেছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**১৩। শ্রমিক-বিক্ষোভে ইন্ধনদাতাদের খুঁজে বের করা হবে : ডিএমপি কমিশনার**

ঢাকা মহানগর পুলিশ কমিশনার (ডিএমপি) আছাদুজ্জামান মিয়া বলেছেন, চলমান পোশাক শ্রমিকদের বিক্ষোভে কেউ যদি ব্যক্তিগতভাবে ইন্ধন দিয়ে থাকে, তাদের খুঁজে বের করে আইনি ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (১২ জানুয়ারি শনিবার) রাজধানীর মিরপুরে তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীর মাঝে শীতবস্ত্র বিতরণ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**১৪। বৈশ্বিক সন্ত্রাস দমন সূচকে বাংলাদেশের চার ধাপ অগ্রগতি**

বৈশ্বিক সন্ত্রাসবাদ সূচকে বাংলাদেশ চার ধাপ এগিয়েছে। সূচকে দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশের অবস্থা আগের চেয়ে খারাপ হলেও বাংলাদেশ উন্নতি করেছে। সন্ত্রাসী কর্মকাণ্ডের বিবেচনায় বিশ্বের **১৬৩**টি দেশের মধ্যে ২০১৭ সালে বাংলাদেশের অবস্থান ছিল ২১। ২০১৮ সালে চার ধাপ এগিয়ে হয়েছে ২৫তম। ইনস্টিটিউট ফর ইকোনোমিকস অ্যান্ড পিস-এর তৈরি এ সূচকে এ বছর বাংলাদেশের স্কোর হয়েছে ৫ দশমিক ৬৯৭ যা ২০১৭ সালে ছিল ৬ দশমিক **১৮১**। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** কুমিল্লার মুরাদনগর উপজেলার নবীপুরেরকান্দায় একটি বিলে ড্রেজার দিয়ে মাটি কাটার কারণে গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেডের প্রায় **১৫০** ফুট গ্যাস পাইপলাইন তিন বছর ধরে ঝুলন্ত অবস্থায় রয়েছে যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** দখল-দূষণের কারণে রাঙামাটি জেলার কাপ্তাই লেকের অস্তিত্ব হুমকির মুখে পড়েছে উল্লেখ করে যাদের অপতৎপরতা এ লেকের জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে তাদের চিহ্নিত করে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **ভোরের কাগজ:** রাজধানীর অনেক এলাকায় গৃহস্থালি গ্যাসের সরবরাহ কম থাকায় রান্নার কাজ ব্যাহত হয় উল্লেখ করে এ সংকট থেকে উত্তরণে অবৈধ গ্যাস সংযোগ এবং সঞ্চালন ও সরবরাহজনিত অপচয় বন্ধ করতে হবে বলে মত প্রকাশ।

**ঘ.** **যায়যায়দিন:** এবারও রাজধানীর অনেক শিক্ষাপ্রতিষ্ঠান সরকারি নীতিমালা উপেক্ষা করে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কাছ থেকে বাড়তি অর্থ আদায় করছে উল্লেখ করে এ নৈরাজ্য বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঙ.** **ইনকিলাব, বণিক বার্তা:** যানজটের মতো জনদুর্ভোগ লাঘবে সড়ক-মহাসড়কগুলো অবৈধ দখল থেকে মুক্ত করার ওপর গুরুত্বারোপ।

**চ.** **নিউ এজ, সমকাল:** হঠাৎ করেই খুচরা বাজারে সব ধরনের চালের দাম প্রতি কেজিতে দুই থেকে ছয় টাকা বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট:** দেশের বয়োজ্যেষ্ঠ নাগরিকদের ব্যাপারে যত্নবান হওয়ার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ‘বঙ্গবন্ধু স্যাটেলাইট’ সফল উৎক্ষেপণের মাধ্যমে স্যাটেলাইট ক্ষমতাধর ৫৭তম দেশ হিসেবে গৌরব অর্জন করায় বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত ‘শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রসংসদ এখন সময়ের দাবি’ শীর্ষক নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ থেকে যোগ্য নেতৃত্বসম্পন্ন তারুণ্য তৈরি হবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা